

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ক্লিনস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
Web: www.step-dte.gov.bd, Email: step.dte@gmail.com

স্মারক নং: এসটিইপি/প্রশা(১)/৩.১.৩(ব্যক্তিগত নথি)/২০১৭-১৭৫৪


তারিখ: ২৭ ডিসেম্বর, ২০১৮

বিষয়: প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ আব্দুর রহমান কে অবমুক্ত করণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৬.০২.০০১.২০১৬-৯৮৪, তারিখ: ২৬/১২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারক পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন কারিগরি-শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ক্লিনস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট এর উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ আব্দুর রহমান উপাধ্যক্ষ থেকে অধ্যক্ষ পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে উক্ত পদে যোগদানের জন্য অদ্য ২৭/১২/২০১৮ তারিখ পূর্বাঙ্কে অবমুক্ত করা হলো। জনাব মোঃ ফখরুল কবির, উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও অর্থ), তাঁর দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপ-প্রকল্প পরিচালক (প্রকিউরমেন্ট) এর দায়িত্ব পালন করবেন।

২। অবমুক্ত কর্মকর্তা তাঁর কর্মকালীন সময়ে দায়িত্বসংশ্লিষ্ট নথিসমূহ (যদি থাকে) জনাব মোঃ ফখরুল কবির, উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও অর্থ) এর নিকট এবং তাঁর নামে বরাদ্দকৃত কম্পিউটার এবং অন্যান্য স্থায়ী সম্পদ (যদি থাকে) স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।


(এ বি এম আজাদ)
অতিরিক্ত সচিব
ও
প্রকল্প পরিচালক
এসটিইপি।

বিতরণ:

- ১। জনাব মোঃ ফখরুল কবির, উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও অর্থ), এসটিইপি।
- ২। জনাব মোঃ আব্দুর রহমান, উপ-প্রকল্প পরিচালক (প্রকিউরমেন্ট), এসটিইপি (বদলীর আদেশাধীন)।

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ৩। উপ-প্রকল্প পরিচালক (সকল), এসটিইপি, ঢাকা।
- ৪। অধ্যক্ষ/পরিচালক, প্রকল্পের আওতাধীন সকল পলিটেকনিক ইনস্টিটিউট ও সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান।
- ৫। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, টিটিটিসি/ডিটিটিসি, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মোহাম্মদ আব্দুল মাজেদ, সহকারী প্রোগ্রাম অফিসার ও স্টোর-ইন-চার্জ, এসটিইপি।
(বরাদ্দকৃত মালামাল বুঝে নেওয়ার অনুরোধসহ)
- ৮। অফিস কপি/মাস্টার কপি।